



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ০১.১১.২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ

ফুটবল প্রতিযোগিতা (ছাত্রী ইভেন্ট) ২০১৭'র ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা (ছাত্রী ইভেন্ট) ২০১৭'র ফাইনাল খেলা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। অদ্য ০১ নভেম্বর সকাল ১১ টায় অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এ খেলার উদ্বোধন করেন। এ সময় অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. তরিকুল হক, প্রক্টর (ভারপ্রাপ্ত) এবং উদ্ভিদ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. সুব্রত কুমার দাস, গণিত বিভাগের চেয়ারম্যান হেনা রানী বিশ্বাস, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ তানভীর কায়ছার, মার্কেটিং বিভাগের চেয়ারম্যান ফাতেমা-তুজ-জোহরা, সহকারী অধ্যাপক মো: অহিদুর রহমান, মো: মেহেদী হাসান, প্রভাষক মো: ইমরান হোসেন, মো: মহিউদ্দিন সাব্বির, মোছা: শারমিন সুলতানা, বঙ্কিম চন্দ্র সরকার, পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান রহিমা নাসরিন, সহকারী অধ্যাপক সমীরণ রায়, প্রভাষক আরিফুল ইসলাম, মো: মতিউর রহমান, মো: ইমরান হোসেন, নুসরাত জাহান সহ শারীরিক শিক্ষা দপ্তরের সহকারী পরিচালক বাহাউদ্দীন গোলাপ এবং ক্রীড়া দপ্তরের অন্যান্যরা। বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগ ও পদার্থ বিজ্ঞান বিভাগের মধ্যে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা (ছাত্রী ইভেন্ট) এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলায় ট্রাইবেকারে পদার্থ বিজ্ঞান বিভাগ ৩-০ গোলে জয়লাভ করে। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপাচার্য মহোদয় উপস্থিত উভয় বিভাগের শিক্ষার্থীসহ আগত অন্যান্য বিভাগের শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, জীবনে জয় পরাজয় থাকবেই এ জন্য বসে থাকলে চলবে না। উদ্যমী হয়ে নিজেদেরকে এগিয়ে নিতে হবে, আর তাহলেই সফলতা আসবে। আর খেলাধুলায় জয় পরাজয় থাকবেই। একাডেমিক শিক্ষার পাশাপাশি এ ধরনের সহ-শিক্ষামূলক কার্যক্রমে তোমাদেরকে আরও বেশি আত্মনিয়োগ করতে হবে। তোমরা জেনে আনন্দিত হবে প্রমিলা ফুটবলের ক্ষেত্রে বরিশাল বিশ্ববিদ্যালয় একমাত্র পথপ্রদর্শক। কেননা ৩৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে আন্তঃবিভাগীয় পর্যায়ে একমাত্র বরিশাল বিশ্ববিদ্যালয়ই এ ধরনের প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। উপাচার্য মহোদয় আগামী ২৪ ও ২৫ নভেম্বর অনুষ্ঠিতব্য বরিশাল বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষা সূষ্ঠভাবে সম্পাদনে উপস্থিত শিক্ষার্থীদের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করেন। পরে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা (ছাত্রী ইভেন্ট) ২০১৭'র ফাইনাল খেলায় চ্যাম্পিয়ন পদার্থ বিজ্ঞান বিভাগ ও রানার্সআপ মার্কেটিং বিভাগের এর খেলোয়ারদের মধ্যে পুরস্কার (মেডেল ও ট্রফি) বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি সহ অন্যান্য অতিথিবৃন্দ। প্রতিদ্বন্দীতাপূর্ণ এ ফুটবল ম্যাচে দর্শক হিসেবে উভয় বিভাগের শিক্ষার্থীবৃন্দ সহ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য বিভাগের শিক্ষার্থীরাও উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রশ্মি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস